গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার সেপ্টেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আতাউল গনি ওসমানী, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

সভার তারিখ ও সময় ঃ ২৬/০৯/২০২২ খ্রি. বেলা ১১.০০ টা।

সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

...র প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ<br>বিগত আগস্ট, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২ | আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষায় উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সামাজিক-সম্প্রীতি কমিটির ভূমিকা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে জনসাধারণ যাতে শান্তিপূর্ণ ভাবে পূজা উৎসব উপভোগ করতে পারে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপস্থিত চেয়ারম্যানগণ জানান, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে গঠিত "সামাজিক-সম্প্রীতি কমিটি" গঠন করা হয়েছে। উপজেলা প্রশাসনের পাশাপাশি "সামাজিক-সম্প্রীতি কমিটি"র নেতৃবৃন্দ স্ব-স্ব ইউনিয়নে আইন শৃঙ্খলা রক্ষায় সার্বিক সহযোগিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২২ উদ্‌যাপনকালীন সময়ে স্ব-স্ব ইউনিয়নে "সামাজিক-সম্প্রীতি কমিটি"র নেতৃবৃন্দের সমন্বয়ে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা পূজা উদ্‌যাপন কমিটি ও পূজা মন্ডপ কমিটির নেতৃবৃন্দকে আহ্বান জানানো হয় এবং জননিরাপত্তার স্বার্থে প্রত্যেক পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পূজা মন্ডপের সভাপতি/সম্পাদককে অনুরোধ করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন।<br>চেয়ারম্যান, শিলক ও চন্দ্রঘোনা ইউ,পি জানান, স্ব-স্ব ইউনিয়নে পূজা মন্ডপ সমূহ পরিদর্শন করে পূজা মন্ডপ কমিটির নেতৃবৃন্দের সহিত আইন শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। সন্ধ্যার পর হতে রাত ১১.০০ টা পর্যন্ত মরিয়মনগর হতে গাবতল, রানীরহাট সড়কে যানজট নিরসনের লক্ষ্যে ট্রাক চলাচলাচল বন্ধ রাখার প্রস্তাব করা হলে উক্ত প্রস্তাব গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামকে সন্ধ্যার পর হতে রাত ১১.০০ টা পর্যন্ত স্ব-স্ব অধিক্ষেত্র এলাকায় ট্রাক চলাচল বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। | ১) আসন্ন শারদীয় দুর্গাপূজা -২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে উপজেলা প্রশাসনের পাশাপাশি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে গঠিত "সামাজিক-সম্প্রীতি কমিটি" নেতৃবৃন্দের সমন্বয়ে উপজেলার প্রত্যকটি পূজা মন্ডপ কমিটির নেতৃবৃন্দসহ আইন শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং জননিরাপত্তার জন্য প্রত্যেকটি পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পূজা মন্ডপ কমিটির সভাপতি/সম্পাদককে অনুরোধ করা হয়।<br>২) দুর্গাপূজা চলাকালীন শুরু হতে শেষ দিন পর্যন্ত সন্ধ্যা পর হতে রাত ১১.০০ টা পর্যন্ত স্ব-স্ব অধিক্ষেত্র এলাকায় ট্রাক চলাচল বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। | |
| | উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় জানানো হয় যে, বর্তমান সময়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সামনে জাতীয় | | |

চলমান পাতা--২

<table>
<tr><th>ক্রম নং</th><th>আলোচনার বিষয়বস্তু</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২</td><td>নির্বাচনকে সামনে রেখে উগ্র জঙ্গীবাদ কার্যক্রম যাতে ঘটাতে না পারে সে বিষয়ে সর্তক দৃষ্টি রেখে উপজেলা প্রশাসনের পাশাপাশি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে গঠিত সাম্প্রতিক কমিটি যৌথ ভাবে আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপস্থিত সকলেই মতামত ব্যক্ত করেন।<br><br>চেয়ারম্যান, রাজানগর ইউ,পি জানান, সম্প্রতি সময়ে ইউনিয়ন পর্যায়ে সামাজিক-সম্প্রীতি কমিটি গঠিত হয়ে স্ব-স্ব ইউনিয়নে সামাজিক সম্প্রীতি সমাবেশ করা হয়। ড. হাছান মাহ্‌মুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা উপজেলার আইন-শৃঙ্খলা উন্নয়নে দিক-নির্দেশানা প্রদান করেছেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা প্রতিপালন পূর্বক উপজেলার প্রতিটি ক্ষেত্রে উন্নয়নের কার্যক্রম অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যাবার নিজস্ব অভিপ্রায় ব্যক্ত করে মন্ত্রী মহোদয়ের নিদের্শনা প্রতিপালনে সকলকে আহ্বান জানান। স্ব-স্ব অধিক্ষেত্র এলাকায় চিকিৎসা সেবা ব্যতীত রাত ৮.০০ টার পর সকল দোকান বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন।<br><br>চেয়ারম্যান, বেতাগী ইউ,পি জানান, তার ইউনিয়নে বালুর ট্রাকের চলাচলের কারণে চলমান এস,এস,সি পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে যাওয়ার সময় চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তিনি এ বিষয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে যাওয়ার সময়কালীন ট্রাক চলাচল বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানার সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা জানান, জনপ্রতিনিধগণের সার্বিক সহযোগিতায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় জনপ্রতিনিধিগণ প্রয়োজনীয় সহযোগিতার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম নিম্নরুপে আগস্ট, ২০২২ ও সেপ্টেম্বর,২২ মাসের অপরাধ চিত্র নিম্নমতে পেশ করা হয়।<br><br>
<table>
<tr><th>থানার নাম</th><th>বিবরণ</th><th>আগস্ট-২২ মাসে অপরাধ সংখ্যা</th><th>সেপ্টেম্বর,২২ অপরাধ সংখ্য</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="5">রাঙ্গুনিয়া মডেল থানা</td><td>মাদক</td><td>৯</td><td>৭</td><td rowspan="5"></td></tr>
<tr><td>খুন</td><td>১</td><td>-</td></tr>
<tr><td>সড়ক দুর্ঘটনা</td><td>-</td><td>২</td></tr>
<tr><td>অন্যান্য</td><td>১৯</td><td>৬</td></tr>
<tr><td>চুরি</td><td>১</td><td>১</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>২৯</td><td>১৬</td><td></td></tr>
<tr><td rowspan="5">দঃ রাঙ্গুনিয়া থানা</td><td>অপমৃত্যু</td><td>১</td><td>-</td><td rowspan="5"></td></tr>
<tr><td>প্রতারণা</td><td>১</td><td>-</td></tr>
<tr><td>মাদক</td><td>২</td><td>২</td></tr>
<tr><td>ছিনতাই</td><td>১</td><td></td></tr>
<tr><td>অন্যান্য</td><td>২</td><td>৪</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৭</td><td>৬</td><td></td></tr>
</table>
<br>উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় উভয় থানার অফিসার ইনচার্জ জানান, জনপ্রতিনিধিগণ আইন-শৃঙ্খলা রক্ষায় আরও প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করবেন মর্মে আশা প্রকাশ করেন।</td><td>আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশী টহল জোরদারকরণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামীদের গ্রেফতারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিদের আহ্বান করা হয়।</td><td>অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
</table>

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, দলীয় পরিচয়ে সন্ত্রাসী কর্মকান্ডে জড়িদের কোন প্রকার প্রশ্রয় দেয়া যাবে না। রাঙ্গুনিয়া বাসীর উন্নয়নে কোন অন্যায়কে প্রশ্রয় না দিয়ে জনকল্যাণ মূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে ঐক্যমত ভিত্তিতে কাজ করার জন্য সকলকে আহ্বান জানান।<br>থানার অপরাধ চিত্র বিষয়ে বিস্তারিত আলোচনায় পূর্বের তুলনায় মামলা সংখ্যা কমে আসছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করা হলে উপজেলার আরও অপরাধ কমে আসবে মর্মে উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং অপরাধীদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়। | | |
| ৩ | যানজট নিরসন ও অতিরিক্ত সিএনজি ভাড়া আদায় সংক্রান্ত ঃ<br>উপজেলার যানজট ও সিএনজি ভাড়া বিষয়ে বিস্তারিত আলোচনায় সভাপতি জানান, সিএনজি চালক নেতৃবৃন্দের সহিত অতিরিক্ত ভাড়া আদায় না করার বিষয়ে সভা আহ্বানের মাধ্যমে সিএনজি অতিরিক্ত ভাড়া আদায় না করার জন্য সিএনজি চালক সমিতির নেতৃবৃন্দ সম্মত হন। বিস্তারিত আলোচনায় অভ্যন্তরে যানজট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামকে অনুরোধ করা হয় এবং অতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রম বিষয়ে সর্তক নজর রাখাসহ অতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রম বন্ধ করার জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | যানজট নিরসন ও মাত্রাতিরিক্ত সিএনজি ভাড়া আদায় কার্যক্রম বন্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামসহ সংশ্লিষ্ট সকল। |
| ৪ | মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণ/রোধ সংক্রান্ত ঃ<br>মাদক ব্যবহার নিয়ন্ত্রণ ও মাদক পাচার সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা জানান, অবৈধ মাদক ব্যবহারকারীদের সর্তক নজর রাখা হয়েছে। পূর্বের তুলনায় মাদকের মামলা কমে আসছে। অবৈধ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের কার্যক্রম অব্যহত আছে। স্থানীয় জনপ্রতিনিধিগণ অবৈধ মাদক ব্যবহারীদের সনাক্ত করে তাদের নামের তালিকা সংশ্লিষ্ট থানায় জমা প্রদান করা হলে তাৎক্ষনিক ভাবে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের আহবান জানানো হয়। | অবৈধ মাদক পাচারকারীদের তালিকা প্রস্তুত করতঃ উহার তালিকা সংশ্লিষ্ট থানায় জমা প্রদান এবং মাদক পাচারকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | ইভটিজিং কার্যক্রম ও চুরি,ডাকতি সংক্রান্ত ঃ<br>ইভটিজিং কার্যক্রম ও চুরি ডাকতি রোধকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম জানান চন্দ্রঘোনা ইউনিয়নে ১টি ইভটিজিং মামলা হয়। ইদানিং গরু চুরি বৃদ্ধি পেয়েছে। চুরি কার্যক্রম রোধে জনপ্রতিনিধিদের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করা হয়। | উপজেলার ইভটিজিং কার্যক্রম বন্ধ ও জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ চুরি/ডাকাতি কার্যক্রম রোধে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত ঃ<br>উপজেলার নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাঙ্গুনিয়া জোনাল অফিস সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম অব্যাহত প্রচেষ্টা আছে। শারদীয় | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, লোড সেডিং কমানো ও নামাজের সময় নিরবচ্ছিন্ন | |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | দুর্গাপূজা উদ্‌যাপন কালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার অগ্রিম প্রস্তুতি নেয়া হয়েছে কিন্তু ঢাকা হতে বিদ্যুৎ সরবরাহের প্রিকোয়েন্সি কমালে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের কার্যক্রম বিঘ্নিত হয়। কাজেই তিনি অপ্রত্যাশিত/সাময়িক ভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে স্ব-স্ব পূজামন্ডপে জেনারেটর স্থাপনের জন্য সকল পূজা মন্ডপের সভাপতি/সাধারণ সম্পাদককে আহবান জানানো হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। সরকারী নিদেশনা বাস্তবায়নে রাত ৮.০০ টা পর হতে ঔষধ দোকান ব্যতীত সকল মার্কেট বন্ধ করার জন্য উপস্থিত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করে নিরবচ্ছিন বিদ্যুৎ সরবরাহ করার প্রচেষ্টা অব্যাহত থাকবে মর্মে সভাকে অবহিত করে জনপ্রতিনিধিদের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। | বিদ্যুৎ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিদ্যুৎ কর্তৃপক্ষকে সহযোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | রোহিঙ্গা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>সভায় রাঙ্গুনিয়া উপজেলায় রোহিঙ্গা অবস্থান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় কোন ক্রমে উপজেলায় যাতে রোহিঙ্গা অবস্থান করলে তাদেরকে চিহ্নিত করে সামাজিক ভাবে কোন কার্যক্রমে জড়িত না করার জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন। উপজেলায় কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে সতর্ক নজর রাখার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলায় কোন রোহিঙ্গা অবস্থান করলে উপজেলা প্রশাসনকে অবহিতকরণসহ ভোটার না করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unoranguna@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২২-৯২০

তারিখ: ১১ আশ্বিন, ১৪২৯ বঃ / ২৬ সেপ্টেম্বর, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহ্‌মুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।

(১-৫) সদয় অবগতির জন্য।

৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ,.....................................................কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব ........................................................................................ রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, একুশে পত্রিকা, চট্টগ্রাম।
১১। অফিস নথি।